সংবাদ

তারিখ ... 17 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

# জাতীয় শিক্ষা দিবস আজ

নিজস্ব বার্তা পরিবেশক

আজ জাতীয় শিক্ষা দিবস। যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে এ দিবসটি। দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে বিভিন্ন সংগঠন। আজ সকাল ৮টায় হাইকোর্টসংলগ্ন শিক্ষা অধিকার চত্বরে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবে বাংলাদেশ ছাত্রলীগ। ছাত্রলীগ সভাপতি মো. সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেনের নেতৃত্বে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন কেন্দ্রীয় নেতারা। পরে দিবসটি উপলক্ষে ৮টা ১৫ মিনিটে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবে ছাত্র সংগ্রাম পরিষদের নেতারা। ছাত্রলীগ জাসদ সকাল ১১টায় ঢাবি ক্যাম্পাসে মিছিল এবং সমাবেশ করবে। ছাত্র ঐক্য ফোরাম এ উপলক্ষে ছাত্র সমাবেশ ও আলোচনা সভার আয়োজন করেছে। বিকেল ৪টায় শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে এই আলোচনাসভা অনুষ্ঠিত হবে।

প্রসঙ্গত, ১৯৬২ সালের এই দিনে হামদুর রহমান শিক্ষা কমিশন রিপোর্ট বাতিলের দাবিতে পূর্ব বাংলার ছাত্রসমাজ হরতাল আহ্বান করে। ছাত্র সমাজের এই আন্দোলন থেকে স্বাধীকার আন্দোলন তীব্র আকার ধারণ করে। হরতার চলাকালে আবদুল গনি রোডে পুলিশের গুলিতে শহীদ হন বাবুল, গোলাম মোস্তফা, ওয়াজিউল্লাহসহ অনেকে।